

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
কর্মসংস্থান-০৪ শাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০৯.০১১.১০২৫.০১৭.২০১০-২৩২

তারিখ: ০৮.০৫.২০১৮

বিষয়: নিয়োগ অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রিক্রুটিং এজেন্সি মেসার্স তিশা ইন্টারন্যাশনাল (আরএল-১০২৫) এর অনুকূলে সংশ্লিষ্ট দূতাবাস হতে কাগজপত্র/ডকুমেন্টগুলি Attestation-এর ভিত্তিতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে ইরাকের SAMA AL IRTQAA General Trading and Cleaning and Subsistence কোম্পানিতে General Worker (Skilled) পদে ২০ (বিশ) জন কর্মীর নিয়োগ অনুমতি প্রদান করা হলো:

কোম্পানির নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (মাসিক)	অন্যান্য সুবিধাদি
SAMA AL IRTQAA General Trading and Cleaning and Subsistence	General Worker (Skilled)	২০ (বিশ) জন পুরুষ কর্মী	৪০০ USD	বাসস্থান, চিকিৎসা, যাতায়াত ও খাবার - ফ্রি; বিমান ভাড়া - এক পথ ফ্রি; প্রশিক্ষণের মেয়াদ - ৯০ দিন; চুক্তির মেয়াদ-০২ বছর; কর্মঘণ্টা - ০৮ ঘণ্টা (সপ্তাহে ৪৮ ঘণ্টা); চাকুরির অন্যান্য শর্তাবলী ইরাকের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

শর্তাবলী:

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে ইরাক যাবেন অথবা ইরাক বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধিকে আবশ্যিক ভাবে উপস্থিত থাকতে হবে।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী ইরাকে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং ইরাকস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য কাগজপত্রের মূলকপি দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানিতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ ৮২,০৪০/- (বিরামি হাজার চল্লিশ) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- কর্মীদের প্রত্যেকে ইরাকের বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবহিত হয়ে সোচ্ছায় ইরাক গমন করেছেন মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার ও ঘোষণাপত্র দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী ইরাকের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের সত্যায়নের বিষয়টি সতর্ক পরীক্ষা করবে।
- ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক (বিএমইটি) নিশ্চিত করবেন।

স্বাঃ

(ড. মাসুমা পারভীন)
উপসচিব

ফোন: ৫৫১৩৮০৮০

ই-মেইল: sasemployment4@probashi.gov.bd

মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো


৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০।

তারিখ: ০৮.০৫.২০২৮

নং-৪৯.০০৯.০১১.১০২৫.০১৭.২০১০-২০২

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ০১। যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৩। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, বাগদাদ, ইরাক।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৬। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৭। স্বত্বাধিকারী, মেসার্স তিশা ইন্টারন্যাশনাল (আরএল-১০২৫), ৩১৯, বড় মগবাজার (২য় তলা), ঢাকা-১২১৭।
- ০৮। অফিস কপি।


(ড. মাসুমা পারভীন)
উপসচিব